

# হিন্দু দায়াদিকার (নির্যোগ্যতা দূরীকরণ)

আইন, ১৯২৮

১৯২৮-এর ১২ নং আইন

[ ২০শে সেপ্টেম্বর, ১৯২৮ ]

কোন কোন শ্রেণীর ওয়ারিশগণের দায়াদিকার হইতে  
পরিবর্জন সম্পর্কিত হিন্দু বিধি সংশোধনার্থ এবং  
কোন কোন সন্দেহ দূরীকরণার্থ আইন।

যেহেতু কোন কোন শ্রেণীর ওয়ারিশগণের দায়াদিকার হইতে  
পরিবর্জন সম্পর্কিত হিন্দু বিধি সংশোধন করা এবং কোন কোন  
সন্দেহ দূর করা সঙ্গত ;

অতএব এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

১। (১) এই আইন হিন্দু দায়াদিকার (নির্যোগ্যতা দূরীকরণ)  
আইন, ১৯২৮ নামে অভিহিত হইতে পারিবে।

সংক্ষিপ্ত নাম, প্রসার  
ও প্রয়োগ।

২। [(২) ইহা ২[জন্ম ও কাশ্মীর রাজ্য ব্যতীত] সমগ্র ভারতে  
প্রসারিত হইবে।]

(৩) ইহা হিন্দু বিধির দায়ভাগ শাখা দ্বারা শাসিত কোন  
ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২। হিন্দু বিধিতে বিপরীতার্থক কোন নিয়ম বা রীতি থাকা  
সত্ত্বেও, যে ব্যক্তি জন্মের সময়ে ও জন্ম হইতে উন্মাদ বা জড়বুদ্ধি  
সেই ব্যক্তি ব্যতীত, হিন্দু বিধি দ্বারা শাসিত কোনও ব্যক্তি যৌথ  
পারিবারিক সম্পত্তিতে ৪\*\*\* কোন অধিকার বা অংশ হইতে কেবল  
কোন ব্যক্তি, বিকলাঙ্গতা অথবা দৈহিক বা মানসিক ত্রুটির কারণে  
পরিবর্জিত হইবেন না।

ব্যক্তিগণ যৌথ পরি-  
বারিক সম্পত্তিতে  
দায়াদিকার বা অধি-  
কারসমূহ হইতে পরি-  
বর্জিত হইবেন না।

৩। এই আইনের অন্তর্ভুক্ত কোন কিছুই, উহার প্রারম্ভের  
পূর্বে উদ্ভূত হইয়াছে এরূপ কোন অধিকারকে বা পরিগৃহীত হইয়াছে  
এরূপ কোন দায়িত্বকে প্রভাবিত করিবে না অথবা, যে ব্যক্তি এই  
আইন প্রণীত না হইয়া থাকিলে কোন ধর্মীয় পদ বা সেবার অথবা  
কোন ধর্মীয় বা দাতব্য ন্যাসের পরিচালন সম্পর্কিত কোন অধিকার  
পাইতেন না, তাঁহাকে এরূপ কোন অধিকার অর্পণ করে বলিয়া গণ্য  
হইবে না।

ব্যাবতি ও ব্যতিক্রম

১ এ. ও. ১৯৫০ দ্বারা পূর্বতন উপধারার স্থলে প্রতিস্থাপিত।

২ ১৯৫৯-এর ৪৮ আইন, ৩ ধারা ও তফসিল ১ দ্বারা, কতিপয় শব্দের স্থলে (১. ২. ১৯৬০ হইতে)  
প্রতিস্থাপিত।

৩ পণ্ডিতেরিতে ইহার প্রয়োগে, “অথবা সংঘাসিত রাজ্যক্ষেত্র পণ্ডিতেরির রেনোন্সাঁগণের (Renoncants)  
ক্ষেত্রে”—এই শব্দসমূহ সন্নিবেশিত হইবে। (দৃষ্টব্য : ১৯৬৮-র ২৬ আইন।)

৪ ১৯৫৯-এর ৪৮ আইন, ৩ ধারা ও তফসিল ১ দ্বারা “দায়াদিকার হইতে অথবা” —এই শব্দসমূহ  
(১. ২. ১৯৬০ হইতে) বাদ দেওয়া হইয়াছে।